

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০০১.১৫ - ৫৬৬

বিষয়: দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন ভবানীপুর ইসলামিয়া কামিল মাদরাসাটি জাতীয়করণ বিষয়ক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরিত পরিদর্শন প্রতিবেদনসহ সংশ্লিষ্ট কাগজ-পত্র মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ প্রসঙ্গে।

সূত্র: (১) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০০১.০০০.০০.০০.০৬.২০১৪-১১০

(২) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা -১৪ (মাদরাসা) এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৫.০২.০০৮.১৪.-০৪

(৩) মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম/২৬ সি-১/২০১৫/৩৪৩২

তারিখ: ২৭.০৮.২০১৮ খ্রি:।

তারিখ: ০৯.১২.২০১৪ খ্রি:।

তারিখ: ০৫.০১.২০১৫ খ্রি:।

তারিখ: ২০.০৬.২০১৭ খ্রি:।

উপরিউক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক সূত্রস্ব ১নং স্মারকে “মহাবিদ্যালয়, উচ্চ বিদ্যালয় ও মাদ্রাসা সরকারিকরণ প্রসঙ্গে” শীর্ষক শিরোনামে একটি নির্দেশনা পত্র (যাতে বিষয়োক্ত মাদরাসাটিসহ বিভিন্ন জেলায় অবস্থিত ৩২ (বত্রিশ) টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সরকারিকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকার নির্বাচিত জাতীয় সংসদ সদস্য/উপমন্ত্রী/প্রতিমন্ত্রী/মন্ত্রী কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপানুষ্ঠানিক পত্র দাখিল রয়েছে) শিক্ষা মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।

০২. মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের উক্ত নির্দেশনা মোতাবেক বিষয়োক্ত মাদরাসাটি সরেজমিনে পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে দাখিল করার জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রস্ব ২নং স্মারকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

০৩. শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত নির্দেশনা মোতাবেক মাউশি অধিদপ্তর কর্তৃক বিষয়োক্ত মাদ্রাসাটি (ভবানীপুর ইসলামিয়া কামিল মাদরাসা) সরেজমিনে পরিদর্শনপূর্বক একটি পরিদর্শন প্রতিবেদন সূত্রস্ব ৩নং স্মারকে মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।

০৪. উল্লেখ্য যে, ০৫.০১.২০১৫ খ্রি: তারিখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মাউশি অধিদপ্তরে যখন এতদসংক্রান্ত নির্দেশনাটি (সূত্রস্ব ২ নং স্মারক) জারি করা হয় তখন মাদরাসার সকল কার্যক্রম দেখভাল করার দায়িত্ব মাউশি অধিদপ্তরের উপর ন্যস্ত ছিল। পরবর্তীতে শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪, তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি: স্মারকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর মাদরাসার সকল কার্যক্রম দেখভাল করার দায়িত্ব ন্যস্ত করা হয়।

০৫. উপরিউক্ত মতে মাউশি অধিদপ্তর কর্তৃক প্রেরিত পরিদর্শন প্রতিবেদনসহ সংশ্লিষ্ট কাগজ-পত্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত টিএমইডি, শিক্ষা মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা প্রয়োজন।

০৬. এমতাবস্তায় দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন ভবানীপুর ইসলামিয়া কামিল মাদরাসাটি জাতীয়করণ বিষয়ক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিদর্শন প্রতিবেদনসহ অন্যান্য সংশ্লিষ্ট কাগজ-পত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয় বরাবর প্রেরণ করা হলো।

সংযুক্তি: মোট ৩১ ফর্দ

সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সরকারি পরিবহনপুল, ৯ম তলা, ঢাকা।

দৃঃ আঃ- সচিব মহোদয়ের একান্ত সচিব।

অনুলিপি:

০১. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রংপুর অঞ্চল।

০২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।

০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।

০৪. অফিস কপি।

(সফিউদ্দিন আহম্মদ)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৩১০৪০১৫৯